

বিমান মন্ত্রণালয়ের প্রকল্প - বাজেট ও সময় মেনে প্রকল্প শেষের তাগিদ

- A Monitor Desk Report

Date: 20 July, 2025



ঢাকাঃ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন উপদেষ্টা শেখ বশিরউদ্দীন চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময় ও বাজেটের মধ্যেই শেষ করার নির্দেশ দিয়েছেন।

আজ (২০ জুলাই) মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এ নির্দেশনা দেন।

উপদেষ্টা বলেন, অবকাঠামো উন্নয়ন হতে হবে টেকসই ও কার্যকর, যাতে জনগণ দীর্ঘমেয়াদে সুফল পায়। সভায় অংশগ্রহণকারীরা বিভিন্ন প্রকল্পের চ্যালেঞ্জ ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন এবং উন্নয়ন কার্যক্রমে গতি ও সমন্বয়ের ওপর জোর দেন।

সভায় উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব নাসরীন জাহান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো: মোস্তফা মাহমুদ সিদ্দিক ও বাংলাদেশ পর্যটন করপোরেশনের চেয়ারম্যান সায়েমা শাহীন সুলতানা সহ সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তারা।

-B